

ভোরের কাগজ

তারিখ: 2 APR 20'3
 পৃষ্ঠা: ১২

ঢাবির নৃবিজ্ঞান বিভাগে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ উঠেছে।
 জানা গেছে, প্রভাষক পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদনকারী ২৩ জনের মধ্যে সবচেয়ে কম মেধাবী ৫ জনকেই নিয়োগ দেওয়ার প্রক্রিয়া হুড়াত করা হচ্ছে। অভিযোগ উঠেছে যেখা নয়, নিয়োগের ক্ষেত্রে ওপমান দলীয় আনুগত্যই
 ● প্র.প.প. ১১ কলাম ১

ঢাবির নৃবিজ্ঞান বিভাগে শিক্ষক নিয়োগে

শেষের পাতার পর বিবেচনা করা হয়েছে। এ নিয়ে গতকাল অনুষ্ঠিত সিন্ডিকেটের বৈঠকেও বিএনপিপন্থী সাদা দল এবং আওয়ামীপন্থী নীল দলের শিক্ষকদের মধ্যে তুমুল ঝড়বিস্তর্গ হয়। শেষ বহর পওয়া পর্যন্ত এ ব্যাপারে কোনো হুড়াত সিদ্ধান্তের সংবাদ পাওয়া যায়নি।
 সূত্র জানায়, গত বছরের ১৭ মে পরিচালক নৃবিজ্ঞান বিভাগের স্থায়ীপদে দুজন প্রভাষকের নিয়োগ বিজ্ঞপ্তির পর ২৩ জন প্রার্থী আবেদন করে। বিজ্ঞপ্তিতে দুজনকে নিয়োগ দেওয়ার কথা থাকলেও বর্তমানে ৫ জনকে নিয়োগ দেওয়া হচ্ছে। চারবার তারিখ পরিবর্তনের পর গত ২৬ ফেব্রুয়ারি সিলেকশন বোর্ডের সভায় আর্মহী প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়া হয়।
 সূত্র জানায়, আবেদনকারী মোট ২৩ জনের মধ্যে যে ৫ জনকে মনোনীত করা হয়েছে তাদের অন্তত ৩ জনের অনার্সে দ্বিতীয় শ্রেণী রয়েছে। অর্থাৎ প্রার্থীদের মধ্যে চারটি গ্রেই প্রথম শ্রেণী প্রাপ্ত ৪ জন এবং ৩টি গ্রেই প্রথম শ্রেণী প্রাপ্ত প্রার্থী রয়েছেন

১৮ জন।
 সূত্র জানায়, অনার্সে দ্বিতীয় শ্রেণী প্রাপ্তদের মনোনয়ন প্রক্রিয়া হুড়াত করা হলেও বাদ দেওয়া হয়েছে এসএসসি, এইচএসসিতে প্রথম বিভাগসহ অনার্সে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান থেকে প্রথম বিভাগে প্রথম এবং মার্কিন যুক্তরাষ্ট্রের কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রি পাওয়া শতরূপা বড়মাকে।
 সূত্র জানায়, সিলেকশন কমিটির বৈঠকের একমাস পর গত ২৯ মার্চ সিলেকশন কমিটির সভায় হুড়াতভাবে ৫ জনকে মনোনীত করে। গতকালের অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় এই নিয়োগ হুড়াত হতে যাচ্ছে বলে জানা গেছে। যে ৫ জনের মনোনয়ন হুড়াত করা হচ্ছে, তারা হাতকীভাবে কমতাসীন চারদলীয় জোট সমর্থক ছাত্রদল ও শিবিরের সঙ্গে জড়িত ছিলেন বলে জানা গেছে। এ ব্যাপারে সিলেকশন কমিটির চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য অধ্যাপক আ. ম. ইউসুফ হায়দার বলেন, কারা কারা মনোনীত হয়েছেন তা এখন বলতে পারছি না। মেধাবী প্রার্থীকে বাদ দিয়ে কম যোগ্যতা সম্পন্নদের নেওয়া হচ্ছে এই অভিযোগের জবাবে তিনি বলেন, সিলেকশন কমিটিতে বিভাগীয় চেয়ারম্যানসহ সবাই যাদেরকে ভালো মনে করেছে তাদের নিয়েছে। সবাই একমত হয়ে হুড়াত মনোনয়ন করা হয়েছে বলে উপউপাচার্য জানান।